দৈনিক সংবাদ

তারিখ 20 DEC 1988
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

062

# এস এস সি পরীক্ষায় নম্বর দেয়া নিয়ে গুরুতর অনিয়মের অভিযোগ

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত এসএসসি পরীক্ষার ফলাফল সম্পর্কে একটি গুরুতর অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। এ অভিযোগের জবাবে কর্তৃপক্ষ অভিযোগকারীর বিরুদ্ধে পাল্টা অভিযোগ করেছেন।

নারায়ণগঞ্জ মরগ্যান বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাকারিয়া ভুঞা ঢাকা বোর্ডের এস এস সি পরীক্ষার উচ্চতর

(৭-এর পাতায় দেখুন)

## এসএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

গণিত বিষয়ের একজন পরীক্ষক। গত পরীক্ষার এই বিষয়ের ২৫০টি খাতা তাকে দেখতে দেয়া হয়েছিল। গত ১৯শে আগষ্ট বোর্ডের চেয়ারম্যানের কাছে লেখা এক চিঠিতে তিনি অভিযোগ করেন যে, তার দেখা খাতাগুলোর মধ্যে তিনি ৩৪ জন পরীক্ষার্থীকে লেটার মার্কস দিলেও চূড়ান্ত ফলাফলে দেখা গেছে তার বাইরে আরো ৪৬ জন এই মার্কস পেয়েছে। তিনি আরো দেখতে পান যে, ৮ জন পরীক্ষার্থীকে তিনি ১০ থেকে ২৫ অর্থাৎ ফেল মার্কস দিলেও চূড়ান্ত ফলাফলে তারা পাস মার্কস পেয়েছে। চিঠিতে তিনি সন্দেহ প্রকাশ করেন যে, তার দেখা অন্যান্য খাতার নম্বরের ক্ষেত্রেও কারচুপি করা হয়েছে। যথাযথ তদন্তের পর এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে তিনি চেয়ারম্যানকে অনুরোধ করেন।

এ ব্যাপারে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, উক্ত পরীক্ষক বেশ কিছুসংখ্যক খাতায় কম নম্বর দিয়েছিলেন। প্রধান পরীক্ষক এ ব্যাপারে উক্ত পরীক্ষকের দৃষ্টি আকর্ষণ করে খাতাগুলোর নম্বর বাড়িয়ে দিতে বললে তিনি তা করতে অস্বীকৃতি জানান। প্রধান পরীক্ষক এরপর বোর্ডের অনুমতি নিয়ে নিজেই খাতাগুলো আবার দেখে নম্বর বাড়িয়ে দিয়েছেন। পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, উক্ত পরীক্ষক ইচ্ছা করে ওই খাতাগুলোর নম্বর কম দিয়েছিলেন। পরবর্তীতে আইন অনুযায়ীই নম্বর বাড়িয়ে দেয়া হয়েছে।